

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-৩০৯

তারিখঃ ০২/১০/২০১৬  
সময়ঃ দুপুর ১২.০০টা।

**বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

**নদীবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ (আজ রাত ১.০০টা পর্যন্ত):**

পাবনা, বগুড়া, টাংগাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার ও সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্বাভাবিক ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহের জন্য ০১(এক) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

পূর্বাভাসঃ চট্টগ্রাম, সিলেট ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, রংপুর ময়মনসিংহ, ঢাকা ও খুলনা বিভাগের দু'এক জায়গায় অস্বাভাবিক হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে

গত ২৪ঘন্টায় বিভাগ ওয়ারীদেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ।

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৫.২	৩৪.০	৩৫.১	৩৪.৬	৩৫.৩	৩৬.১	৩৫.২	৩৪.৩
সর্বনিম্ন তাপমাত্রা	২৬.২	২৭.০	২৪.৫	২৪.৭	২৬.০	২৫.০	২৫.৬	২৬.০

\*দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সৈয়দপুর ৩৬.১ ডিগ্রী সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল সন্দ্বীপ ২৪.৫ ডিগ্রী সে.।

**০২। নদ-নদীর পানি হ্রাস/বৃদ্ধির সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো)**

মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা	৯০ টি	পানি স্থিতিশীল রয়েছে	০২ টি
পানি বৃদ্ধি পেয়েছে	৪৩ টি	তথ্য পাওয়া যায়নি	০৩ টি
পানি হ্রাস পেয়েছে	৪২ টি	বিপদসীমার উপরে দিয়ে প্রবাহিত হচ্ছে	০ টি

দেশের সকল নদ-নদীর পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

যমুনা ও গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে অপরদিকে ব্রহ্মপুত্র এবং সুরমা-কুশিয়ারা নদ-নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে।

আগামী ২৪ ঘন্টায় ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

আগামী ২৪ ঘন্টায় গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে।

আগামী ২৪ ঘন্টায় সুরমা-কুশিয়ারা নদীর পানি সমতল হ্রাস অব্যাহত থাকতে পারে।

গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ (গতকাল সকাল ৯.০টা থেকে আজ সকাল ৯.০টা):

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)

**অগ্নিকাণ্ডঃ**

**গাজীপুরঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষ থেকে জানানো হয়েছে যে, আজ ০২.১০.১৬খ্রিঃ তারিখ ভোর ৫.৩৫ টায় গাজীপুর জেলার সফিপুর বাজার সামিম স্পিনিং মিলে আগুন লাগে। আগুনের খবর পেয়ে ফায়ার সার্ভিসের ১২ টি ইউনিট ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করছে। শেষ খবর পাওয়া পর্যন্ত আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়নি।

**যশোরঃ** আজ সকাল ৫.৫৫ টায় যশোর বেনাপোল বন্দরের গোড়াউনে অগ্নিকাণ্ড সংঘটিত হয়। ফায়ার সার্ভিসের ৯ টি ইউনিট ঘটনাস্থলে গিয়ে সকাল ৮.০৫ টায় আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকাণ্ডের কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ এখনও জানা যায়নি। অগ্নিকাণ্ডে কোন হতাহত হয়নি।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭x২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ NDRCC'র টেলিফোন নম্বরঃ ৯৫৪৫১১৫, ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬; উপসচিব (এনডিআরসিসি) ৯৫৪৬৬৬৩; মোবাইল নম্বরঃ ০১৯৩৭-১৬৩৫৮২ (অতিরিক্ত সচিব, দুব্যক) এবং ০১৫৩৬-২৩৯২৬০ (উপসচিব, এনডিআরসিসি)

ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০; Email: [স্বাক্ষরিত@ndrcc.gov.bd](mailto:স্বাক্ষরিত@ndrcc.gov.bd) স্বাক্ষরিত@ndrcc.gov.bd

স্বাক্ষরিত/  
(জি এম আব্দুল কাদের)  
উপ-সচিব (এনডিআরসিসি)  
ফোনঃ ৯৫৪৬৬৬৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ**

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। সচিব, দুর্যোগব্যবস্থাপনাও ত্রাণমন্ত্রণালয়।
- ০৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/দুঃব্যঃ/ত্রাণ/দুব্যক), দুর্যোগব্যবস্থাপনাও ত্রাণমন্ত্রণালয়।
- ০৮। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৯। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১০। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগব্যবস্থাপনাও ত্রাণ মন্ত্রণালয়।
- ১১। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১২। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১৪। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগব্যবস্থাপনাও ত্রাণ মন্ত্রণালয়।